দৈনিক ইত্তেফাক

তারিখ 13 NOV 1989
পৃষ্ঠা ১ কলাম ৫

051

# এইচ এস সি কম্পার্টমেন্টাল পরীক্ষার্থী ৬৫ হাজার

।। নাজমুল হাসান ।।

এবারের এইচ এস সি পরীক্ষায় 'কম্পার্টমেন্টাল' প্রাপ্তদের জন্য আগামী এইচ এস সি পরীক্ষার পূর্বেই একটি বিশেষ পরীক্ষা অনু-

(শেষ পৃ: ৭-এর কঃ দঃ)

## কম্পার্টমেন্টাল পরীক্ষার্থী

(১ম পৃ: পর)

ষ্ঠিত হইবে। ইতিপূর্বে ঘোষণা করা হইয়াছিল, কম্পার্টমেন্টাল-প্রাপ্তদের আগামী বৎসরের পরীক্ষার্থীদের সঙ্গে কম্পার্টমেন্টাল-প্রাপ্ত বিষয়ের পরীক্ষায় অবতীর্ণ হইতে হইবে।

১৯৮৯ সালের এইচ,এস,সি পরীক্ষায় চারটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের প্রায় ৬৫ হাজার পরীক্ষার্থী এক বিষয়ে ফেল করায় কম্পার্টমেন্টাল পায়। আগামী বৎসরের পরীক্ষার্থীদের সঙ্গে কম্পার্টমেন্টালপ্রাপ্ত বিষয়ে পরীক্ষা দেওয়ার জন্য কম্পার্টমেন্টালপ্রাপ্তদের এক বৎসর অপেক্ষা করিতে হইত। এই সিদ্ধান্তে বিভিন্ন মহলে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হওয়ায় বোর্ড কর্তৃপক্ষ বিষয়টি পুনর্বিবেচনার সিদ্ধান্ত নিয়াছে। আগামী এইচ এস সি পরীক্ষার পূর্বেই কোন এক সময়ে কম্পার্টমেন্টাল পরীক্ষা অনুষ্ঠানের বিষয়ে এই সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হইবে।

কম্পার্টমেন্টালপ্রাপ্ত পরীক্ষার্থীদের জন্য বিশেষ পরীক্ষার ব্যবস্থা করা হইলে কম্পার্টমেন্টাল পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীরা পরবর্তী বৎসরে আবার পরীক্ষায় অবতীর্ণ হওয়ার সুযোগ পাইবে।